ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩২০১

আগরতলা,১৩ অক্টোবর,২০২৫

## বিহারে সাধারণ নির্বাচনের প্রথম পর্বের জন্য ইভিএম-ভিভিপ্যাটের প্রথম রেন্ডমাইজেশন বণ্টন সম্পন্ন

ভারতের নির্বাচন কমিশনের (ই. সি. আই.) নির্দেশ অনুযায়ী, বিহারের প্রথম পর্বে ভোটগ্রহণ হতে চলা ১৮টি জেলার জেলা নির্বাচন কর্মকর্তারা (ডি.ই.ও.) ১১ অক্টোবর, প্রথম স্তরের পরীক্ষণ (এফ.এল.সি.) সম্পন্ন হওয়া ইভিএম-ভিভিপ্যাটগুলির প্রথম রেন্ডমাইজেশন সম্পন্ন করেছেন।

প্রথম রেন্ডমাইজেশনটি জেলা নির্বাচন কর্মকর্তারা ইভিএম ম্যানেজমেন্ট সিস্টেম (ইএমএস)-এর মাধ্যমে জাতীয় ও রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে সম্পন্ন করেন।

প্রথম রেন্ডমাইজেশনের পর মোট ৫৪,৩১১টি ব্যালট ইউনিট (বি. উ.), ৫৪,৩১১টি কন্ট্রোল ইউনিট (সি. উ.) এবং ৫৮,১২৩টি ভিভিপ্যাট ১২১টি বিধানসভা কেন্দ্রে ৪৫,৩৩৬টি ভোট কেন্দ্রের জন্য এলোমেলোভাবে বরাদ্দ করা হয়েছে।

রেন্ডমাইজ করা ইভিএম ও ভিভিপ্যাটের কেন্দ্র ভিত্তিক তালিকা প্রতিটি জেলার সদর দপ্তরে জাতীয় ও রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে ভাগ করা হয়েছে।

এই ইভিএম ও ভিভিপ্যাটগুলি সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের স্ট্রং রুমে জাতীয় ও রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে সংরক্ষণ করা হবে।

প্রার্থী তালিকা চূড়ান্ত হওয়ার পর, প্রথম এলোমেলো করা ইভিএম ও ভিভিপ্যাটের তালিকা প্রতিটি প্রার্থীকে প্রদান করা হবে। ভারতের নির্বাচন কমিশন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****